



তথ্য অধিকার আইন, ২০০৯

# তথ্য অধিকার আইন

আপনার তথ্য প্রাপ্তির অধিকারের নিশ্চয়তা দেয়

## তথ্য প্রাপ্তির নিয়ম

- ▶ তথ্য অধিকার আইনে যে কোন নাগরিক আইনে বর্ণিত সু-নির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারেন। তবে নিজ রাষ্ট্র, পররাষ্ট্র, কোন সরকারি/বেসরকারি সংস্থা, ব্যক্তির নিরাপত্তা বিঘ্ন করে, গোপনীয়তা ভংগ করে কিংবা তদন্তাধীন/আদালতে বিচারাধীন/অপ্রকাশিত/প্রক্রিয়াধীন কোন বিষয়ে তথ্য সরবরাহ করা যাবে না।
- ▶ তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ফরমে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে/ই-মেইলে করতে পারবেন।
- ▶ আবেদনকারীর নিকট ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।
- ▶ আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় তাহলে পরবর্তী ৩০ দিনের মধ্যে উর্দ্ধতন কর্মকর্তা বরাবর আপীল আবেদন করতে পারবেন।
- ▶ আপীল দায়ের এর ১৫ দিনের মধ্যে আবেদনকারীর কাছে তথ্য প্রেরণ অথবা নিষ্পত্তি করতে হবে।
- ▶ আপীল করে তথ্য না পেলে অথবা আপীল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন।
- ▶ অভিযোগ নিষ্পত্তির সময়সীমা বর্ধিত সময়সহ ৭৫ দিনের অধিক হবে না।

তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও  
বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ।

প্রচারে: মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।